গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং- ৩১.০২.২৭৩০.০০১.০২.০০৪.২০২৬-১১৮ তারিখ: ২২/০১/২০২৬ খ্রিঃ।

**প্রকাশ্য নিলাম ডাকের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৯/০১/২০২৬ খ্রিঃ তারিখে রোজ: বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা ভূমি অফিস, বোচাগঞ্জ , দিনাজপুরের আওতাধীন নাফানগর ইউনিয়ন ভূমি অফিসের নতুন ভবন নির্মাণের জন্য ছয়টি (০৬) কাঁঠাল গাছ, দুইটি (০২) আম গাছ, একটি (০১) শিমুল গাছ, দুইটি (০২) কদম গাছ, তিনটি (০৩) ইউক্যালিপটাস গাছ ও একটি (০১) অর্জুন গাছ নিলাম বিক্রয় কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুরে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে।

আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নিলাম ডাকের শর্তাবলী:

০১। নিলাম ডাকের ঘোষিত সরকারি মূল্যের নূন্যতম ৪০% টাকা নিলাম ডাকের পূর্বে নিলাম ডাক কমিটির বরাবর জমা প্রদান করতে হবে।

০২। নিলাম ডাকের অংশগ্রহণের পূর্ব সরেজমিনে গাছের কান্ডসমূহ/মালামাল দেখে নিতে হবে। নিলাম ডাকের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

০৩। নিলাম ডাক গৃহীত হলে সমূদয় মূল্য তৎক্ষনাত পরিশোধ করতে হবে।

০৪। গৃহীত নিলাম ডাকের সাথে অতিরিক্ত আয়কর ১০% এবং ভ্যাট বাবদ ১৫% টাকা জমা প্রদান করতে হবে।

০৫। কোন কারণ দর্শানো ব্যতীত নিলাম ডাক গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা নিলাম ডাককারী কর্তৃপক্ষ দ্বারা সংরক্ষিত হবে।

০৬। নিলাম ডাক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন অন্তে নিলামকৃত গাছের/কান্ডের অংশসমূহ হস্তান্তর করা হবে।

০৭। এ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই এরুপ বিষয়ে কোন সমস্যা দেখা দিলে সরকারি প্রচলিত অন্যান্য বিধি-বিধান মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হবে।

22/01/2026

(সাজিদ তানভী শোভন)
সদস্য-সচিব
উপজেলা পুরাতন মালামাল/গাছ নিলাম বিক্রয় কমিটি
সহকারী কমিশনার (ভূমি)
বোচাগঞ্জ, দিনাজপুর

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক, দিনাজপুর।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ,দিনাজপুর।
৪। উপজেলা প্রকৌশলী, বোচাগঞ্জ, দিনাজপুর।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বোচাগঞ্জ, দিনাজপুর।
৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর।
৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, বোচাগঞ্জ, দিনাজপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার অন্তে তামিল প্রতবেদন প্রেরণের জন্য বলা হলো।
৮। অফিস কপি/নোটিশ বোর্ড।